শ্রীভগবানে যাঁহারা প্রীতিযুক্ত, সেইসকল ভক্তের প্রতি শ্রীভগবান্ আনন্দ-স্বরূপ হইয়াও প্রীতিযুক্ত হইয়া থাকেন। এইপ্রকার যেখানে যেখানে শ্রীভগবান্‌কে কল্পতরুস্থানীয় বলিয়া দৃষ্টান্ত দেওয়া হইয়াছে, সেই সেই স্থানেই বুঝিতে হইবে কল্পতরু যেমন নিজ আশ্রিতজনেরই সঙ্কল্প পূরণ করিয়া থাকে, ভগবানেরও সেইপ্রকার ভক্তিবিষয়েই যথাযথরূপে কৃপার আবির্ভাব হইয়া থাকে। যাঁহারা শ্রীভগবানেই সাহজিক প্রীতি-হৃদয়ে প্রার্থনা করিয়া ভজন করেন, তাঁহাদিগের প্রতি সেই প্রীতিদানের যাথার্থ্য অবশ্য প্রয়োজন। কারণ কল্পতরু প্রার্থীজনার প্রার্থনা যেমন পূরণ করেন এবং সেই পূরণ করা ধর্ম্মটি আগন্তুক বা অভিনয় করা নয়, কিন্তু স্বভাবসিদ্ধ ; তেমনি যাঁহারা শ্রীভগবানের প্রতি অকপট প্রীতি প্রার্থনা করিয়া ভজন করিতেছেন, তাঁহাদিগকে নিজের প্রতি অকপট স্বাভাবিক প্রীতিদানটিও শ্রী ভগবানের স্বরূপসিদ্ধ ধর্ম্ম, আগন্তুক বা অভিনয় করা নয়।

অতএব, আনন্দস্বরূপ ভগবানেরও ভক্তিতে আনন্দ-উল্লাস আছেই।

"তত্রোপনীতবলয়ো"—এই শ্লোকটি শ্রীসূতগোস্বামী শ্রীশৌনকাদি ঋষিগণকে বলিয়াছেন। ১৪৩॥

এবং ভক্তিরূপায়াস্তচ্ছক্তেঃ জীবেঽভিব্যক্তৌ ভগবান্ এব কারণম্। তত্তদিন্দ্রিয়াদি-প্রবৃত্তৌ চ স এবেতি তস্মিংস্তথা জীবস্যোপকারকত্বাভাস এব। তথাপি ভক্তানুরজ্য-দাত্বত্বে ভগবতঃ স্বকৃপাপ্রাবল্যমেব কারণমিতি বদন্ পূর্ব্বার্থমেব সাধয়তি—কিং বর্ণয়ে তব বিভো যদুদীরিতোঽসুঃ সংস্পন্দতে তমনু বাঙ্‌মনইন্দ্রিয়ানি। স্পন্দতি বৈ তনুভৃতামজশর্বয়োশ্চ স্বস্যাপ্যথাপি ভজতামসি ভাববন্ধুঃ ॥ ১৪৪ ॥

হে বিভো! তব কিমহং বর্ণয়ে ত্বৎকৃপালুতায়াঃ কিয়ন্তমংশং বর্ণয়েয়মিত্যর্থঃ। যতো যেন ত্বয়ৈব উদীরিতঃ প্রেরিতোঽসুঃ প্রাণঃ সংস্পন্দতে প্রবর্ত্ততে, তমসুমনু চ বাগাদয়ঃ স্পন্দতে। তত্র হেতুঃ, বৈ, অন্বয়ব্যতিরেকাভ্যাং শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদিশ্রুতিভিশ্চ তৎপ্রসিদ্ধমিত্যর্থঃ। ন কেবলং প্রাকৃতানাং তনুভৃতাং কিন্তু অজশর্বয়োশ্চ। অতঃ স্বস্য মমাপি তথৈব। এবং যদ্যপি ন কচিদপি কস্যাপি স্বাতন্ত্র্যং তথাপি দারুযন্ত্রবৎ ত্বৎপ্রবর্ত্তিতৈরপি বাগাদিভিভির্ভজতাং পুংসাং ভাবেন স্বদত্তয়ৈব ভক্ত্যা বন্ধুরসীতি ॥১২॥৮॥ মার্কণ্ডেয়ঃ শ্রীনরনারায়ণৌ ॥ ১৪৪ ॥

এইপ্রকার ভক্তিরূপা স্বরূপশক্তিকে জীব-হৃদয়ে অভিব্যক্ত করিতে শ্রীভগবান্‌ই কারণ। যদ্যপি জীবমাত্রের বুদ্ধি, ইন্দ্রিয় প্রভৃতির নিজ নিজ বিষয়-ব্যাপারে প্রবৃত্তিরও কারণ শ্রীভগবান্‌ই। ইন্দ্রিয়গণের বিষয়-ব্যাপারে প্রবৃত্তিদান করিয়া শ্রীভগবান্ যে জীবের উপকার করিয়া থাকেন, সেটি কিন্তু যথার্থতঃ উপকার নয়; উপকারের আভাস মাত্র। তথাপি ভক্তের প্রতি ভক্তিতে যে অনুরক্তচিত্ত হয়েন, তাহাতে শ্রীভগবানের অসাধারণী